



গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ
গাজীপুর।

<https://gda.gov.bd>

স্মারক নংঃ ২৫.১২.৩৩০০.০০০.০০২.০০.০০১১.২৫-৪৯৯

তারিখঃ ২৬ কার্তিক ১৪৩২
১৩ নভেম্বর ২০২৫

গণবিজ্ঞপ্তি

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে যে, বিভিন্ন রিয়েল এস্টেট ডেভেলপার থেকে আবাসিক বা বাণিজ্যিক প্লট এবং ভবন বা ফ্ল্যাট ক্রয় করে ক্রেতা সাধারণ নানা ভোগান্তি ও হয়রানির শিকার হচ্ছেন। এরূপ ডেভেলপার কর্তৃক প্রতারণা ও হয়রানির শিকার হওয়ার পর অনেকে প্রতিকারের জন্য এই কর্তৃপক্ষের শরণাপন্ন হচ্ছেন।

রিয়েল এস্টেট ডেভেলপার থেকে প্লট বা ফ্ল্যাট ক্রয়ে আহ্বী ক্রেতা সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী যে কোনো ধরনের রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার জন্য একজন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রথমেই এই কর্তৃপক্ষের নিবন্ধন গ্রহণ করতে হবে। দ্বিতীয়ত, নিবন্ধিত রিয়েল এস্টেট ডেভেলপার (ব্যক্তি বা প্রতিষ্ঠান) কর্তৃক প্লট আকারে বিক্রয়ের উদ্দেশ্যে জমির উন্নয়ন কিংবা ফ্ল্যাট বিক্রয়ের লক্ষ্যে ভবন নির্মাণ করতে হলে গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২০ অনুসারে আবশ্যিকভাবে এই কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। উল্লেখ্য, নিবন্ধিত রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক হয়রানি, অনিয়ম ও প্রতারণার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অধিকতর সহজ।

এমতাবস্থায়, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় এই কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত নয় এরূপ রিয়েল এস্টেট ডেভেলপার বা ডেভেলপার থেকে কোনো প্লট বা ফ্ল্যাট ক্রয় থেকে বিরত থাকার জন্য

এবং

এই কর্তৃপক্ষের অনুমোদনহীন আবাসিক প্রকল্প বা ফ্ল্যাটে কোনো ধরনের বিনিয়োগ বা বুকিং না দেয়ার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ মেহেদী হাসান)

সচিব

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।

ফোন: +৮৮০২২২৪৪২৪০৪৮

ই-মেইল: secretary@gda.gov.bd